

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন,
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
(ইঞ্জিনিয়ারিং শাখা)
www.brta.gov.bd

স্মারক নং: ৩৫.০৩.০০০০.০০৩.১৩.০৪০.২২-২৬০


তারিখ: ০৭/০৩/২০২৩খ্রিঃ।

বিষয়: QR code সম্বলিত ই-পেপার ড্রাইভিং লাইসেন্স প্রবর্তন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোটর ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত সেবা প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে দুইবার আবেদন করার পরিবর্তে লার্নার ড্রাইভিং লাইসেন্স এবং স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্সের জন্য অনলাইন বেজড একটি কন্সাইন্ড ফরমে একবার আবেদন দাখিল করার ব্যবস্থা গত ১৬ নভেম্বর ২০২২ তারিখ থেকে বিআরটিএ সার্ভিস পোর্টালে (BSP) চালু হয়েছে। উক্ত অনলাইন আবেদন প্রক্রিয়া চালুর ফলে আবেদনকারীকে অন্তত ৪ (চার) বারের পরিবর্তে শুধুমাত্র ০১ (এক) বার বিআরটিএ পরীক্ষা কেন্দ্রে এসে বায়োএনরোলমেন্ট প্রদান ও দক্ষতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়। দক্ষতা যাচাই পরীক্ষা পাশের পর বিআরটিএ সার্ভিস পোর্টাল (www.bsp.brta.gov.bd) এর মাধ্যমে ফিসহ ড্রাইভিং লাইসেন্স এর জন্য আবেদন করতে হয়। ফিসহ অনলাইনে আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে গ্রাহকের নিজস্ব বিএসপি একাউন্ট হতে কিউআর কোড (QR code) সম্বলিত ই-পেপার ড্রাইভিং লাইসেন্স ডাউনলোড করা যায়। বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি) একাউন্ট হতে ডাউনলোডকৃত ই-পেপার ড্রাইভিং লাইসেন্স আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক স্মার্ট ফোন এর মাধ্যমে কিউআর কোড (QR code) স্ক্যান করে এর সঠিকতা যাচাই করতে পারবেন। ই-পেপার ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কিংবা মোবাইলে সফট কপি প্রদর্শন করে মোটরযান চালানোর কাজে ব্যবহার করা যাবে মর্মে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় (কপি সংযুক্ত)।

২। বিষয়টি ট্রাফিক বিভাগ ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে- ০২ পাতা।


(নূর মোহাম্মদ মজুমদার)

(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

ইমেইল: chairman@brta.gov.bd

পুলিশ মহাপরিদর্শক
বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর,
ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।

অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ কমিশনার, -----(সকল)।
- ২। বিভাগীয় কমিশনার, -----(সকল)।
- ৩। অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন)/ইঞ্জিঃ/অপারেশন/এনফোর্সমেন্ট/রোড সেফটি, বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা।
- ৭। পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, বিভাগীয় কার্যালয়, ----- (সকল)।
- ৮। জেলা প্রশাসক, -----(সকল)
- ৯। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
- ১১। চেয়ারম্যান, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন, হাজী আহসানউল্লাহ কমপ্লেক্স, ২৫৭/ক, দারুসসালাম, মিরপুর রোড, ঢাকা।


অপেশাদার ই-পেপার ডাইভিং লাইসেন্স
 Non-Professional E-Paper Driving License

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
 People's Republic of Bangladesh





নাম / Name
 A.Q.M. NIZAM UDDIN

জন্ম তারিখ / Date of Birth
 30-DEC-1998

রক্তের গ্রুপ / Blood Group
 B(+)+VE

পিতা / মাতা / Father / Husband
 A.B.M.NAJIM UDDIN

প্রদান / নবায়ন / Issue / Renewal **মেয়াদ / Validity**
 22-JAN-2023 21-JAN-2033

Valid until delivery of smart card to the applicant or up to expiry of driving license.

লার্নার নং / Learner No. **প্রদানকারী কর্তৃপক্ষ / Issuing Authority**
 2-15695593 DHAKA METRO-1, BRTA

Bangladesh Road Transport Authority

If this provisional driving license is lost or found. Please inform Police Station.





ঠিকানা / Address
 2/3, BLOCK-C, GARDEN CITY, BOSILA, Mohammadpur, DHAKA METRO-0, DHAKA

Classes of vehicle authorized to drive:
 LIGHT and MOTORCYCLE

Ref. No.
 DM123021NP128

First Issue
 22-JAN-2023







গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
(www.brta.gov.bd)



QR code সম্বলিত ই-পেপার ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ড্রাইভিং লাইসেন্স সহজিকরণ প্রক্রিয়ায় গ্রাহকগণ বিআরটিএ'র সার্কেল অফিসে সশরীরে না এসে ঘরে বসে অনলাইনে ই-পেপার ড্রাইভিং লাইসেন্স পাওয়া যাচ্ছে। এক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স প্রার্থীগণকে দক্ষতা যাচাই পরীক্ষা পাশের পর বিআরটিএ সার্ভিস পোর্টাল (www.bsp.brta.gov.bd) এর মাধ্যমে ফিসহ ড্রাইভিং লাইসেন্স এর জন্য আবেদন করতে হবে। লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে গ্রাহকের নিজস্ব বিএসপি একাউন্ট হতে কিউআর কোড (QR code) সম্বলিত ই-পেপার ড্রাইভিং লাইসেন্স ডাউনলোড করে প্রিন্ট কিংবা মোবাইলে সফট কপি প্রদর্শন করে মোটরযান চালানোর কাজে ব্যবহার করা যাবে। ডাউনলোডকৃত ই-পেপার ড্রাইভিং লাইসেন্স কিউআর কোড (QR code) এর মাধ্যমে সঠিকতা যাচাই করা যাবে এবং মূল ড্রাইভিং লাইসেন্স হিসেবে পরিগণিত হবে। এ বিষয়ে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্টদের সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

বিআরটিএ